

## 🗏 আদ-দুহা | Ad-Dhuha | الضُّحَى

আয়াতঃ ৯৩ : ৯

💵 আরবি মূল আয়াত:

# فَامَّا اليَتِيمَ فَلَا تَقهَر ؟ ﴿٩﴾

#### 

সুতরাং তুমি ইয়াতীমের প্রতি কঠোর হয়ো না। — আল-বায়ান
কাজেই তুমি ইয়াতীমের প্রতি কঠোরতা করবে না। — তাইসিরুল
অতএব তুমি পিতৃহীনের প্রতি কঠোর হয়োনা, — মুজিবুর রহমান
So as for the orphan, do not oppress [him]. — Sahih International

#### ৯. কাজেই আপনি ইয়াতীমের প্রতি কঠোর হবেন না।(১)

(১) এ নি'আমতগুলো উল্লেখ করার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম-কে এর কৃতজ্ঞতাস্বরূপ কয়েকটি বিষয়ের নির্দেশ দেয়া হয়েছে। প্রথম নির্দেশ হচ্ছে, ইয়াতিমের সাথে কঠোর ব্যবহার করবেন না। অর্থাৎ আপনি কোন পিতৃহীনকে অসহায় ও বেওয়ারিশ মনে করে তার ধন-সম্পদ জবরদন্তিমূলকভাবে নিজ অধিকারভুক্ত করে নেবেন না। এর মাধ্যমে সকল উম্মতকেই ইয়াতীমের সাথে সহৃদয় ব্যবহার করার জাের আদেশ দেওয়া হয়েছে এবং বেদনাদায়ক ব্যবহার করতে নিষেধ করা হয়েছেন। [বাদা'ই'উত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

### ৯। অতএব তুমি পিতৃহীনের প্রতি কঠোর হয়ো না। [1]

[1] বরং ব্যবহারে তার সাথে নম্রতা ও অনুগ্রহ প্রদর্শন কর।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6088

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন